28-Ab-PL

দৈনিক বাংলা

তারিখ 05 SEP 1986
পৃষ্ঠা 1 কলাম 2

32

স্বাস্থ্য মন্ত্রণালয়ের প্রেসনোট

# বেকার ডাক্তারদের চাকরি না হওয়া পর্যন্ত মেডিক্যালে ভর্তি বন্ধ

বৃহস্পতিবার স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়ের এক প্রেসনোটে বলা হয়:

সরকারী খাতের স্বাস্থ্য সার্ভিসে সদ্য পাস করা মেডিক্যাল গ্রাজুয়েটদের চাকরিগত সমস্যা সম্পর্কে কোন কোন মহলের মতামতের প্রেক্ষিতে সরকার চিকিৎসা শিক্ষা ব্যবস্থা ও স্নাতকোত্তর ইন্টার্নিশীপ প্রশিক্ষণের বর্তমান নীতি পর্যালোচনার প্রয়োজনীয়তা সক্রিয় ভাবে বিবেচনা করে দেখছেন।

গত ৪ঠা জুন তৎকালীন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রী অধ্যাপক এম এ মতিন ও ডাক্তারদের নেতৃবর্গের মধ্যে এক সমঝোতা হয়েছিলো তাতে বলা হয়েছিল যে মেডিক্যাল গ্রাজুয়েটদের প্রধান প্রধান সকল দাবী মেনে নেয়া হবে।

সরকার এই লক্ষ্যে আন্তরিক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। তবে প্রতি বছর যে সহস্রাধিক মেডিক্যাল গ্রাজুয়েট পাস করে বেরিয়ে আসছেন তাদের কর্ম সংস্থানের সুযোগ ক্রমেই সংকুচিত হচ্ছে।

এই অবস্থার প্রেক্ষিতে সিদ্ধান্ত নেয়া হয়েছে যে সরকারের অধীনে কর্মসংস্থান প্রত্যাশী সকল বেকার

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## ভর্তি বন্ধ

(প্রথম পৃঃ পর)

মেডিক্যাল গ্রাজুয়েটের চাকরিতে গ্রহণ না করা পর্যন্ত মেডিক্যাল কলেজগুলোয় এমবিবিএস কোর্সে ভর্তি স্থগিত রাখা হবে।

সরকারের এই সিদ্ধান্ত অবিলম্বে কার্যকর হবে। এতে সরকারী চাকরির প্রত্যাশী মেডিক্যাল গ্রাজুয়েটদের নিয়োগ সম্পর্কিত বর্তমান অচলাবস্থার অবসান ঘটবে।

প্রাপ্ত পদ সাপেক্ষে যেসব মেডিক্যাল গ্রাজুয়েট তাদের ইন্টার্নিশীপ প্রশিক্ষণ সম্পূর্ণ করেছেন তাদেরকে প্রচলিত নিয়োগ বিধি অনুযায়ী বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে সরকারী চাকরিতে গ্রহণ করা হবে।

মেডিক্যাল গ্রাজুয়েটদের চাকরি সংক্রান্ত সমস্যার সামগ্রিক সমীক্ষার লক্ষ্যে। সরকার বিভিন্ন সংসদীয় গ্রুপ থেকে কয়েকজন সংসদ সদস্যকে নিয়ে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত নিয়েছেন। তিন মাসের মধ্যে কমিটি তার সুপারিশ সম্পূর্ণ করবে।